বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৫৪ তারিখঃ ১৪ জুলাই ২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ২৯ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ, ১৩ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন করে ১৫ জুলাই হতে ০৫ আগস্ট ২০২১ পর্যন্ত ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ডিওএস সার্কুলার লেটার ২৯ এর সকল নির্দেশনা অনুসরণ করে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

ক) অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালনপূর্বক ১৫, ১৮ ও ১৯ জুলাই ২০২১ তারিখে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত ব্যাংকিং লেনদেন এবং অপরাহ্ন ৬:০০ ঘটিকা পর্যন্ত লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য ব্যাংকের সকল শাখা খোলা রাখা যাবে।

খ) ডিওএস সার্কুলার লেটার ২৯ এর ২ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক প্রধান কার্যালয়ের আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ ও আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগসহ স্থানীয় মুখ্য কার্যালয় (ব্যাচসহ), কাওরান বাজার কর্পোরেট, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ কর্পোরেট, আগ্রাবাদ কর্পোরেট, চট্টগ্রাম কর্পোরেট ও ষোলশহর শাখা স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করে আগামী ১৭ জুলাই ২০২১ এবং ২০ জুলাই ২০২১ তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত ব্যাংকিং লেনদেন এবং অপরাহ্ন ৩:৩০ ঘটিকা পর্যন্ত লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য খোলা থাকবে। এ নির্দেশনা মোতাবেক ছুটির দিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক কর্মকর্তাগণ ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণ ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রাপ্য হবেন। উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ আলাদাভাবে মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

গ) ডিওএস সার্কুলার লেটার ২৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক ২৫ জুলাই ২০২১ হতে ৫ আগস্ট ২০২১ পর্যন্ত (সাপ্তাহিক ছুটিরদিন ব্যতিত) সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ১:৩০ ঘটিকা পর্যন্ত ব্যাংকিং লেনদেন এবং অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য ব্যাংকের প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখা যাবে। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ নিজস্ব বিবেচনায় তাঁর নিয়ন্ত্রনাধীন শাখা/কার্যালয় খোলা রাখা সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

ঘ) ডিওএস সার্কুলার লেটার ২৯ এর নির্দেশনা মোতাবেক নিরীক্ষা কার্যালয়সমূহ প্রধান কার্যালয়ের নিরীক্ষা বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজন মোতাবেক খোলা রাখা যাবে।

চলমান পাতা-০২

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ-গ এর নির্দেশনা অনুসরণপূর্বক বিভাগীয় মহাব্যবস্থাপকগণ নিজস্ব বিবেচনায় তাঁর নিয়ন্ত্রনাধীন শাখা/কার্যালয় খোলা রাখা সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান পূর্বক খোলা শাখাসমুহের তালিকা আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৫৪ তারিখঃ ১৪ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক মহোদয়ের নির্দেশনা ও প্রয়োজন মোতাবেক বিভাগ খোলা রেখে উপরোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। নথি/মহানথি।

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৯

তারিখ ঃ ২৯ আষাঢ় ১৪২৮
১৩ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮-এর প্রেক্ষিতে ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালনপূর্বক ১৫, ১৮ ও ১৯ জুলাই ২০২১ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ-

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত | অপরাহ্ন ৬:০০ ঘটিকা পর্যন্ত। |

০২। ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালনপূর্বক ১৭ ও ২০ জুলাই ২০২১ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খোলা থাকবেঃ-

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত | অপরাহ্ন ৩:৩০ ঘটিকা পর্যন্ত। |

উল্লিখিত তারিখে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

চলমান পাতা- ০২

০৩। ক) করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় ২৫ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) বিধি-নিষেধ চলাকালে সীমিত পরিসরে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ-

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ১:৩০ ঘটিকা পর্যন্ত | অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত। |

খ) মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালনপূর্বক সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে ব্যাংকের প্রধান কার্যালয়ের অত্যাবশ্যকীয় বিভাগসমূহসহ ব্যাংক স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখতে পারবে।

গ) বিধি-নিষেধ চলাকালে নিম্নোক্ত ব্যাংকিং সেবা চালু রাখতে হবেঃ-

গ্রাহকদের হিসাবে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা ও উত্তোলন, ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার ইস্যু ও জমা গ্রহণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, একই ব্যাংকের খোলা রাখা বিভিন্ন শাখা ও একই শাখার বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তর, ট্রেজারি চালান গ্রহণ, অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকের সকল গ্রাহকের এবং উক্ত সুবিধা বহির্ভূত ব্যাংকের খোলা রাখা শাখার গ্রাহকদেরকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমস্/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান এবং জরুরি বৈদেশিক লেনদেন সংক্রান্ত কার্যাবলী।

ঘ) কার্ডের মাধ্যমে লেনদেন ও ইন্টারনেট ব্যাংকিং সেবা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঙ) এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখতে হবে।

চ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপ-শাখা/বুথসমূহ সার্বক্ষণিক খোলা রাখার বিষয়ে ৫ আগস্ট ২০১৯ এ জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে পরিপালন নিশ্চিতপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ছ) বিধি-নিষেধ চলাকালে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখার গ্রাহক সেবা কার্যক্রম খোলা রাখা শাখার মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্ধকৃত শাখার গ্রাহকগণের গ্রাহক সেবা প্রাপ্তি বিষয়ে অবহিত করতে উক্ত শাখার দৃশ্যমান স্থানে তা বিজ্ঞপ্তি আকারে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

০৪। বিধি-নিষেধ চলাকালে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারিদের স্ব স্ব অফিসে যাতায়াতের জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংক কর্মকর্তা/কর্মচারিগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩